দৈনিক বাংলা

তাং 20/2/79
পৃঃ ৩ কলাম 4

002

# সরকারী কলেজ শিক্ষক ধর্মঘটের ৩০ দিন অতিবাহিত

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির একটি প্রতিনিধিদল গতকাল স্পীকার মীর্জা গোলাম হাফিজের সঙ্গে সংসদ সচিবালয়ে সাক্ষাৎ করে। প্রতিনিধিদল তাদের বিভিন্ন অভাব-অভিযোগের কথা জানালে স্পীকার তা সমাধানের জন্যে সহযোগিতার আশ্বাস দেন।

খবর সংসদের জন-সংযোগ বিভাগের প্রেস বিজ্ঞপ্তির।

সরকারী কলেজ শিক্ষক সমিতির প্রেস বিজ্ঞপ্তিতে প্রকাশ, সরকার তাদের দাবীদাওয়া পূরণে অনমনীয় মনোভাব গ্রহণ করলে তারা অনশন ধর্মঘট এবং 'ঢাকা মার্চ' কর্মসূচী গ্রহণ করবেন। গতকাল তাদের ধর্মঘটের ৩০ দিন অতিবাহিত হয়েছে।